হান্টার'স ফরচুন



00411
8 44284 00154 0
WWW.BANGLAPDF.NET

হান্টার'স ফরচুন(শেষ পর্ব)

গল্প
অ্যান্ড্রিউ কসবি

স্ক্রিপ্ট
সেলেব মনরে

আর্ট
ম্যাট কসিন

কালার
মাইক কসিন

অনুবাদ
অহর আরসালান

BP comics
©WWW.BANGLAPDF.NET

কমিক্সটি বাংলাপিডিএফ.নেট ওয়েবসাইটের জন্য নির্মিত। অন্য যে কোন ওয়েবসাইটে কমিক্সটি প্রকাশ, প্রচার এবং ব্যবহার আইনত দন্ডনীয়। বাংলাপিডিএফ.নেট ব্যতিত অন্য যে কোন জায়গায় আমাদের কমিক্স ব্যবহার করা হচ্ছে, এমন যে কোন তথ্য জানাতে ইমেইল করুন (Aohor_Galaxy7@yahoo.Com)।


৩৬ ঘন্টা পর
ওয়েলস...
হাহ! ফান্দে পড়িয়া বগা কান্দে রে!
অ্যাম্বার আমাকে এটা মানতেই হবে যে তুমি একটা জিনিয়াস। তোমার মাথায় দারুন বুদ্ধি! যেই ডায়রিটা এতদিন সাথে রেখেও কিছু বুঝতে পারিনি, তোমার হাতে পড়া মাত্রই সেটা কথা বলতে শুরু করে দিল! ইম্প্রেসিভ!
আমার চালটা তোমাদের কেমন লেগেছে বলত ? ছোট্ট একটা ট্র্যাকিং ডিভাইস ডায়রির গাটারে আটকে দিয়েছিলাম। আহা! দারুন কাজ করেছে সেটা। তোমাদের খুজে পেতে কোন সমস্যাই হয় নি। হা হা হা!
তুমি তাহলে ইচ্ছে করেই ডায়রিটা চুরি করতে দিয়েছ যাতে করে আমাদের পিছু নেয়া যায় ? ডাইনি কোথাকার!
কলেজে থাকতে আমি শুটিং চ্যাম্পিয়ন ছিলাম। যদি চাইতাম তাহলে গুলি করে ঠুলি উড়িয়ে দেয়াটা আমার জন্য কোন ব্যাপার ছিল না। কিন্তু তোমাদের আমার দরকার ছিল খুব। আর তাই তোমরা এখনো বেঁচে আছ।
ওইদিন সকালে...
গুড মর্নিং!
মর্নিং! কফি চাই হিরো ?
আহহহহ! তুমি খুব ভালো জেসিকা। তোমার মত মেয়ে পাওয়া মুশকিল।
থ্যাঙ্কস সোনা! শোন একটা খুশির খবর আছে। অ্যাম্বার মনে হয় বের করে ফেলেছে ডায়রির গোপন কথা!


লাল নদী। বলা হয়ে থাকে প্রাচীন সময়ে বিভিন্ন কারনে নদীটি পবিত্র স্থান হিসাবে ব্যাবহার করা হত। এই নদীটি সম্পর্কে যেটা সবচাইতে ইন্টারেস্টিং সেটা হল, বলা হয়ে থাকে এর কোন তলদেশ নেই। অর্থাৎ তুমি কিছু একটা নদীতে ফেললে সেটা কালের গর্ভে বিলিন হয়ে যাবে।
ডায়রিতে তাই লিখা নাকি ? এত সহজে পেয়ে গেলে ?

অবশ্যই না! ডায়রিটা অসমাপ্ত। আঙ্কেল ম্যাক্স যদি এটা জানতেন, তাহলে তিনি ডায়রিতে লিখে রাখতেন। আর এর মানে হত তিনি এক্সকালিবুরটা খুজে পেয়েছেন। আর যদি তাই হত তাহলে আমরা নিজেদের জীবন বাজি রেখে এমন বিপজ্জনক একটা কাজে চলে আসতাম না।
কিন্তু কিভাবে কি করলে, কোথায় গেলে সন্ধান পাওয়া যাবে তা লিখা আছে।

এটা হচ্ছে সেই নদীর ম্যাপ। আমাকে অনেক খুজে বার করতে হয়েছে। আঙ্কেল ম্যাক্স এর ডায়রিতে বলা ছিল লাল আপেলের ভূমির কথা। আমি এটাকে ধরেই কাজ শুরু করি। দারুন একটা জিনিস জানতে পারি তখন। অনেক অনেক আগে তখন ওইজায়গায় বাস করত লাল মানুষেরা। তাদের দেহের রঙ ছিল পুরো লাল। ওখানকার পানির রঙ ও ছিল লাল। আর তাদের প্রধাণ খাবার ছিল লাল আপেল। একারনেই ঐ স্থানের নাম হয় লাল আপেলের ভূমি।

লাল নদী
দুর্গ


কিং আর্থার এখান থেকেই তোলোয়ারটা উদ্ধার করেন, এক ডুবন্ত সৈনিকের কাছ থেকে। কিন্তু ততক্ষনে শত্রুবাহিনী তাকে ঘিরে ফেলছে। কাজেই এটা ঠিক যে তিনি এক্সকালিবুরটা নিয়ে বেশি দুর যেতে পারেননি। আর তার সবচেয়ে কাছে ছিল লাল নদীর দুর্গ। যেটা নদীর পাশেই তৈরি করেছিল ওখানকার অধিবাসীরা।
কাজেই ধারনা করছি এক্সকালিবুরটা কিং আর্থার সেই দুর্গেই কোথাও রেখে গিয়েছেন।
আর হ্যা! এই ট্রান্সমিটার টা কেউ আটকে দিয়েছে ডায়রির সাথে!

আবারো ধন্যবাদ দিচ্ছি তোমাকে অ্যাম্বার! কিন্তু ট্রান্সমিটারটা তুমি অনেক দেরিতে খুজে পেয়েছ। এটাই তাহলে সেই গর্ত, যেখান দিয়ে কোন ক্রসগার্ড ওয়ালা সাধারন তলোয়ার ঢুকালে পাওয়া যাবে...
এক্সকালিবুর!
এভাবে নয়!
তাহলে কিভাবে?
তোমাকে যতটা বুদ্ধিমান ভেবেছিলাম, তুমি তা না। দেখছ না গর্তটা কিরকম! তলোয়ারটা সোজা করে ঢুকালে কখোনই ঢুকবে না। এটাকে উলটো করে ঢুকাতে হবে বুদ্ধু।
ক্রসগার্ডটা তাহলে সামনে দিব?
এইতো বুঝতে পেরেছ। ক্রসগার্ডটা সামনে দিলে খাপে খাপে মিলে যাবে দেখ।
ক্লিক
ক্ল্যাক
রুমমমমমমম
রুমমমমমমমমমমমমমম
আরে বাপরে!
ভুমমমমমমমমমমমমমমম

ওকে! এবার সবকয়টাকে ভালকরে বাধ।
আমি আগে থেকেই একটা নৌকা রেডি করে রেখেছি। ওটায় চড়ে আমরা দুর্গে যাব। এরপর এক্সকালিবুর আমাদের হবে। ইয়াহুউউউ!

সিপপপপপপপ

ছলাত ছলাত



গাধা গুলা বেশি কনফিডেন্ট হয়ে ধারালো অস্ত্রটা এখানেই ফেলে গেছে। যাক ওদেরকে ধন্যবাদ সেই জন্য!

এখুনি খুলে দিচ্ছি তোমার হাত। শয়তান গুলা কি শক্ত করেই না বেধেছে। আহহ!
তুমি আবার আমাদেরকে বাচালে। টম ক্রুসের চাইতে কিন্তু তোমাকেই আমার বেশি হিরো মনে হয় যান? আমাদেরকে খুব তাড়াতাড়ি ওই দুর্গে যেতে হবে। নাহলে ডাইনিটা সব হাতিয়ে নিবে।


আমাদেরও আছে!

এসে গেছি বন্ধুরা! লড়াইয়ের জন্য প্রস্তুত হউ।



ওয়েলকাম ওয়েলকাম!

এটাই সেটা ?
দেখে তো তাই মনে হচ্ছে। কি বল অ্যাম্বার ?

এটা কি চাইনিজ ভাষা নাকি ? কি বলে ?
বলছে যে, উপরের পার্টটা শৌর্য বির্যের প্রতিক, আর নিচের অংশটা ভালবাসার। যেই লোকের মনে সততা ভরপুর সেই লোক যদি এই জিনিস হাতে নেয়, তবে
সেই হবে এই দুনিয়ার সবচেয়ে ক্ষমতাবান ব্যাক্তি। শাসন করবে সে পুরো রাজত্ত।

কিন্তু তাকে রাখতে হবে এর সম্মান। কখনো যদি এর অবমাননা করা হয়, কিংবা এর গায়ে রক্ত লাগে অথবা যদি একে কোন পাপ কাজে ব্যবহার করা হয়, তাহলে এর রক্ষকের উপর নেমে আসবে গজব।

তাই এর রক্ষকের প্রতি আদেশ রইল, যে কোন মুল্যে একে দুষ্ট লোকের কাছ থেকে দুরে সরিয়ে রাখতে হবে। আর তা করতে ব্যার্থ হলে নিজের কর্মের শাস্তির জন্য প্রতিক্ষা কর।

বাপরে! এই সব মানতেই হবে?
DARWIN
হুমমম অবশ্যই!
আবারো দেখা হয়ে গেল তোমাদের সাথে, হাহ?
এটাই সেই জিনিস?
হতেও পারে।
ধিম
বাপরে!
ঠিক করে আমার সাথে কথা বলবে!
এটাই কি সেই জিনিস?

আসলে এটা নিশ্চিত না। তবে হতেও পারে!
সব তথ্য আমাদের কাছে না থাকায় কোন গ্যারান্টি দিতে পারছি না আমরা।
তাই ?
কি করা যায় তাহলে ?
এটা ভাঙ্গতে হবে।

আমাকে দাও এটা।


ক্র্যাক ক্র্যাক ক্র্যাক
দুঃখ করনা হান্টার। একদিন না একদিন তুমিও এমন কিছু একটা পাবে আর তোমার ভাগ্য খুলে যাবে দেখ।

কিন্তু বর্তমানে এটা আমার আর আমার মায়ের সম্পত্তি। এর জন্য আমরা অনেক অপেক্ষা করেছি।
ম্যাক্স এর পায়ে পায়ে থেকেছে আমার মা। শুধুই এর জন্য।
ওয়াও! ওটা কি ছিল ?
বলা হয়, তলোয়ারটা যেহুতু এর মালিককে আলোর পথে নিয়ে যাবে এজন্য এর উদ্ধারকর্তা আলোর এক ঝলকানি দেখতে পাবে।
যেটা তুমি একটু আগে দেখলে। কিন্তু কেউ এই তলোয়ার খারাপ কাজে ব্যবহার করলে এই সাদা আলো লাল আগুনে পরিণত হবে।
আজ আমাদের সেই বিজয়ের দিন। মা আমার উপর অনেক খুশি হবে।
শিন নন
মাই গড! আমার মনে হয় আমাদের এখান থেকে এখুনি বের হউয়া উচিৎ।
জলদি!
洪水
অনুবাদ: "বন্যা"
উহু একটা কাজ বাকি আছে। তোমাদেরকে বাধা! এটা একটা ট্র্যাডিশনে রুপ নিচ্ছে। কিন্তু কি করব বল তোমরা খুব খারাপ।
ওহো!
ক্রিক ক্যাক ক্র্যাক

থমমম
দুর্গটা ভেঙ্গে যাচ্ছে। এখন কি করব ?
আহহ!
আমরা ডুবে যাচ্ছি!
বাচাও!


আমার হাতটা ধর জলদি!
উহু হাত যাচ্ছে না ওখানে।

যেভাবেই হোক ধর! নাহলে ডুবে যাবে তুমি!



ক্র্যাক
ক্র্যাক

হান্টার!

হান্টার!

আমাদেরকে যেতে হবে এখুনি!
হান্টার!
ও ডুবে গেছে!
আমরাও ডুবে যাব যদি এখানে থাকি!
এইদিকে!
ধুমমমমমমমম

একটু পর মিরান্ডা আর হান্টারকে নদীর
পাশের বালিতে শুয়ে থাকতে দেখা গেল।



হান্টার?
হান্টার!

উফফফ!
তুমি বেচে আছ!
হুমমমম!!!
থ্যাঙ্কস !



তোমাকে ফিরে পেয়ে খুব ভালো লাগছে সোনা!


আমি কিন্তু কিস টিস দিতে পারব না!

তোমাদের সবাইকে দেখে আমারো খুব ভাল লাগছে।


তুমি বেচে ফিরলে কিভাবে ? আমরা তো আশা ছেড়েছিলাম।
জানি না।
মিরান্ডা কোথায় ?
সেটাও জানি না।
এক্সকালিবুর সম্পর্কে তোমাদের একটা কথা বলিনি আমি। আর সেটা হল এর যে নিজের কাছে রাখবে তার অপঘাতে কখনো মৃত্যু হবে না।
ডুবে যাওয়ার আগে হান্টার সেটা ধরেছিল তাই ডুবে যাওয়ার পরও ও দিব্যি বেচে আছে।
আমি নিজেকে ভাগ্যবান মনে করছি। ধন্যবাদ উপর আলাকে।
যা হউয়ার তা হয়ে গেছে। তোমরা সবাই ভাল আছ এটাই আমার বড় পাওয়া। তা এস সময়টাকে কাজে লাগাই। গলফ খেলি, মুভি দেখি আর হ্যা বাংলাপিডিএফ.নেট থেকে অনেক অনেক কমিক্স নামিয়ে ইঞ্জয় করি। যতদিন আমরা এখানে আছি দেশে ফিরার আগে। কি বল ?
আহহহ মামা! দারুন বলেছ! বাংলাপিডিএফ.নেট এর কমিক্স!! মধু মধু!! হান্টারের জয় হউক!

অভিনন্দন হান্টার!! সবকিছু এখন থেকে তোমার।
কি সবকিছু আমার ?
পুরো সম্পত্তি!

না, কিন্তু তুমি সেটা তো পেয়েছিলে নাকি ? উইলে তাই বলা ছিল। শুধু পেলেই হবে। সাথে করে নিয়ে আসার কথা বলা হয়নি। তাই এখন সবকিছু তোমার!

মজা কর নাকি ? আমি তো এক্সকালিবুর উদ্ধার করতে পারিনি। উইলের শর্ত পালন হল না তো!

সবকিছুই ?
হ্যা সুইটহার্ট সবকিছুই শুধু তোমার। সাথে আমিও!

...
আঙ্কেল ম্যাক্স বেচে থাকলে অনেক খুশি হতেন তোমার উপর।


সো দোস্ত, হাফ বিলিয়ন ডলার তো পেয়ে গেলি তুই! শালা আমি যদি এত টাকা পেতাম তাহলে সবার আগে লাস ভেগাসে একটা ক্যাসিনো দিতাম। সেরা জুয়াড়িরা সব আমার ক্যাসিনোয় ভিড় করত। আমার দুপাশে থাকত সাদা কালো চুলের সব সুন্দরীরা!!
তা তুই কি করবি বলে ভেবেছিস ?
এমন অনেক কিছুই আছে যা আঙ্কেল ম্যাক্স খুজে বের করতে পারেন নি।
ভাবছি সেগুলা এবার আমি খুজে বের করব। চল সোনায় মুরা ড্রাগনের মাথাটা উদ্ধারের চেষ্টা করি।
সমাপ্ত